

নম্বর: ০৫.০১.২৬৭২.১৫৩.২০.০১৬.২৪. ০২

১০ ফাল্গুন ১৪৩১
তারিখ:-----
২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি:

গবেষণা প্রস্তাব আহবান

বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরের আওতায় গবেষণা প্রস্তাব আহবান।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় নিম্নবর্ণিত শর্তানুসারে গবেষণা প্রস্তাব আহবান করা যাচ্ছে:

১। গবেষণা প্রস্তাব আগামী ৩১ মার্চ ২০২৫ তারিখ অফিস সময়ের মধ্যে পরিচালক (গবেষণা ও উন্নয়ন), বিপিএটিসি, সাভার, ঢাকা-১৩৪৩ বরাবর প্রেরণ করতে হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য কেন্দ্রের উপপরিচালক (গবেষণা) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

২। গবেষণা প্রস্তাব নিম্নবর্ণিত স্পেসিফিকেশনসমূহ অনুসরণপূর্বক ২০০০ শব্দের মধ্যে (গবেষকের CV ব্যতীত) সীমিত রাখতে হবে:

* পৃষ্ঠার উপরে ও নিচে ১" এবং ডানে ও বামে ১.৫" মার্জিন

* প্রস্তাব ইংরেজি ভাষায় Times New Roman, Font size 12 হতে হবে।

* লাইন স্পেসিং হবে 1.5.

৩। গবেষণার প্রস্তাব দাখিলের বিশদ খাতসমূহ (broad areas):

(ক) Development Administration (e.g: Administrative Reform, Crisis Management)

(খ) Training & Development (e.g: Training Evaluation, Post Training Utilization, TNA, Training Impact Assessment)

(গ) Globalization (e.g: Trade, Employment, Migration)

(ঘ) Governance (e.g: e-gov, health governance, e-governance.)

(ঙ) 4th IR, AI & Civil Service Development.

(চ) Policy Issues

(ছ) Environmental issues (e.g: Disaster Management, Climate Change)

(জ) Poverty & Unemployment

৪। গবেষণার সকল কার্যক্রম কেন্দ্রের গবেষণা নীতিমালায় বর্ণিত নিয়মাবলী অনুসারে পরিচালিত হবে।

৫। গবেষণা প্রস্তাবের কাঠামো হবে নিম্নরূপ:

(ক) Title (Title এর নিচে ৩ নং অনুচ্ছেদে বর্ণিত খাতসমূহে একটি উল্লেখ করতে হবে)

(খ) Introduction (Background, problem statement)

(গ) Objectives

(ঘ) Rationale

(ঙ) Scope of the study

(চ) Methodology (data requirements, collection methods & analysis methods)

(ছ) Timeline

(জ) Research Team

(ঝ) Budget

(ঞ) References


(ট) CV(s) of researcher(s)

৬। কেন্দ্রের অনুষদ সদস্যগণ কেন্দ্র বহির্ভূত অভিজ্ঞ গবেষকগণকে অন্তর্ভুক্ত করে যৌথভাবে গবেষণা প্রস্তাব পেশ করতে পারবেন।

৭। কেন্দ্রের বর্তমান গবেষণা নীতিমালার ৫.৬.৭ সংখ্যক অনুচ্ছেদ অনুযায়ী, কেন্দ্রের কোন গবেষণা কর্মে কেন্দ্র-বহির্ভূত গবেষক যুক্ত থাকলে, কেন্দ্রের সংশ্লিষ্ট গবেষকের অনুকূলে অর্থ ছাড় করা হবে এবং তিনি সংশ্লিষ্ট গবেষণার সকল আর্থিক ব্যবস্থাপনার দায়-দায়িত্ব বহন করবেন।

৮। প্রাপ্ত গবেষণা প্রস্তাব সমূহ বাছাইপূর্বক শুধুমাত্র উপরে উল্লেখিত স্পেসিফিকেশন ও কাঠামো অনুসারে দাখিলকৃত প্রস্তাব, গবেষণা নীতিমালার ৩.৪.৩- ৩.৪.৯ সংখ্যক অনুচ্ছেদ অনুসরণপূর্বক, অনুষদ সেমিনারে উপস্থাপন করা হবে। উপস্থাপিত প্রস্তাবগুলো সেমিনারের রিপোর্টসহ গবেষণা কমিটির নিকট পেশ করা হবে। গবেষণা কমিটি কর্তৃক সুপারিশকৃত গবেষণা প্রস্তাবসমূহ রেক্টর, বিপিএটিসি, অনুমোদন করবেন।

৯। গবেষণা প্রস্তাব সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের সময় যে গবেষণা নীতিমালা বলবৎ থাকবে, সেই সমকালীন নীতিমালার শর্তাবলী সিদ্ধান্ত গ্রহণে প্রযোজ্য হবে।



ড. মোঃ জহুরুল ইসলাম

পরিচালক (গবেষণা ও উন্নয়ন)

ফোন: ০২২২৪৪৪৫০২৫

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;

২) রেক্টর মহোদয়ের একান্ত সচিব (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা;

৩) সহকারী প্রোগ্রামার (ওয়েবসাইটে আপলোড করা অনুরোধসহ), সহকারী প্রোগ্রামার-৪ এর দপ্তর, বিপিএটিসি, সাভার, ঢাকা।